

AP (LET BRTCL)  
21/11/2017

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
কার্যক্রম ও এডিপি শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৬.১৭(অংশ-১)-৫৭৬

তারিখঃ ২১-১১-২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের মধ্যে যেগুলো যুক্তিসঙ্গত কারণে জুন ২০১৮ এ সমাপ্ত হবে না এরূপ প্রকল্পসমূহের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের পত্র নং ৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৬.১৭(অংশ-১)-৫৩৮, তারিখঃ ২৪-১০-২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত যে সকল প্রকল্পের মেয়াদ জুন ২০১৮ এ অতিক্রান্ত হবে, কিন্তু যুক্তিসঙ্গত কারণে এ সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা সম্ভব হবে না এরূপ প্রকল্পসমূহের মেয়াদ বৃদ্ধির সকল কার্যক্রম মার্চ ২০১৮ এর মধ্যে সম্পন্ন করার জন্য পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক ইতোপূর্বে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতোমধ্যে এ বিভাগ কর্তৃক সূত্রোক্ত পত্র মারফত অনুরোধ জানানো হয়েছে।

০২। কার্যক্রম বিভাগের উল্লেখিত নির্দেশনার আলোকে যথাসময়ে মেয়াদ বৃদ্ধির প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের মধ্যে যেগুলো যুক্তিসঙ্গত কারণে জুন ২০১৮ এ সমাপ্ত হবে না মর্মে জানানো হয়েছে এরূপ প্রকল্পসমূহের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব নভেম্বর ২০১৭ এর মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
২১/১১/২০১৭

(তওহীদ আহমদ সজল)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোন-৯৫১৪২৬৬

E-mail: [sajalpol@gmail.com](mailto:sajalpol@gmail.com)

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ২। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
- ৩। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৪। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫-৬। অফিস কপি/মাস্টার কপি।